# ALL INDIA RADIO, AGARTALA

**Date: 29-08-2024**

**Time: 07:55-08:05 PM Hrs**

**Headlines :**

**(১) ত্রিপুরা প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা কর্তৃপক্ষ সমগ্র রাজ্যকে প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত এলাকা হিসাবে ঘোষণা করেছে।**

**(২) কেন্দ্রীয় আন্তঃমন্ত্রক প্রতিনিধি দল আজ বন্যায় ক্ষতিগ্রস্ত গোমতী ও দক্ষিণ জেলার বিভিন্ন এলাকা পরিদর্শন করেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, সরকার খেলাধুলাকে সমর্থন করতে এবং আরও যুবা যাতে ক্রীড়া জগতে উজ্বল হতে পারে তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ ।**

**(৪) শ্রীলঙ্কায় আয়োজিত কমনওয়েলথ দাবা প্রতিযোগিতার ব্লিটজ ইভেন্টে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস স্বর্ণ পদক পেয়েছেন ।**

*************************************

**Flood Situation :**

ত্রিপুরা প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা কর্তৃপক্ষ সমগ্র রাজ্যকে প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্থ এলাকা হিসাবে ঘোষণা করেছে। সাম্প্রতিক ভয়াবহ বন্যায় ব্যাপক ক্ষতির পরিপ্রেক্ষিতে এই ঘোষণা দেওয়া হয়েছে। রাজস্ব সচিব বৃজেশ পান্ডে আজ মহাকরণে সাংবাদিক সম্মেলনে, এই সংবাদ জানান। তিনি জানান, এবিষয়ে ইতিমধ্যে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্থ এলাকা হিসাবে ঘোষনা করা হলে সরকারী ক্ষতিপূরন প্রদান এবং বিভিন্ন এলাকায় ক্ষয়ক্ষতি নিরুপনের কাজ অতি দ্রুত ও সহজে করা যায়। শ্রী পান্ডে জানান, রাজ্যে বন্যা ও ধ্বসে এখন পর্যন্ত মৃত্যুর সংখ্যা বেড়ে হয়েছে ৩২। আহত হয়েছে দুইজন ও ১ জন নিখোঁজ রয়েছেরাজ্যে বর্তমানে ৩৪৬টি ত্রান শিবিরে ৫২ হাজার ৯০৬ জন রয়েছেন। ত্রান শিবিরগুলোতে ইতিমধ্যে ৩৭ হাজার ৫৯৬ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধপত্র দিয়েছে। ত্রাণ শিবির ছাড়াও রাজ্যের বিভিন্ন স্থানে এখনো পর্যন্ত ১৮৬৭টি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরগুলিতে ৪৩ হাজার ৮৮৭ জনের স্বাস্থ্য পরীক্ষা করে ওষুধপত্র দেওয়া হয়।

তিনি আরো জানান, রাজ্যে ২৪টি বিদ্যুত মহকুমার মধ্যে ১৮টিতে ১০০ শতাংশ বিদ্যুত সরবরাহ স্বাভাবিক করা হয়েছে। বাকী বিদ্যুৎ মহকুমাগুলোতে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক করার জন্য চেষ্টা চলছে।

রাজ্যের ৪ হাজার ৭৩৪টি স্কুলের মধ্যে এখনো ১৬৩টি স্কুল চালু করা যায় নি। এরমধ্যে সিপাহীজলা জেলায় রয়েছে ৩৩টি, ধলাই জেলায় ১৪টি, গোমতী জেলায় ৬৫টি ও দক্ষিন ত্রিপুরা জেলায় রয়েছে ৫১টি স্কুল। ১০ হাজার ২৩২টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র কেন্দ্র চালু করা হয়েছে। ১০টি অঙ্গনওয়ারী কেন্দ্র এখনও জলের নীচে। ৯৩৪টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র এখনো চালু করা যায় নি। তবে ঐসমস্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিশুদের জন্য রেশন সামগ্রী বাড়িতে পৌঁছে দেওয়া হচ্ছে।

রাজস্ব সচিব শ্রী পান্ডে জানান, বন্যার ফলে যেসমস্ত নির্মান শ্রমিক কাজ হারিয়েছেন রাজ্য সরকারের শ্রম দপ্তর সিদ্ধান্ত নিয়েছে, নথীভুক্ত ৪২ হাজার ৯৮১ জন নির্মান শ্রমিককে এক কালীন ৪ হাজার টাকা করে দেওয়া হবে। এর জন্য রাজ্য সরকারের খরচ হবে ১৭ কোটি ২০ লক্ষ টাকা।

***************************

**Central team visit-Gomati :**

কেন্দ্রীয় আন্তঃমন্ত্রক প্রতিনিধি দল আজ বন্যায় ক্ষতিগ্রস্ত গোমতী ও দক্ষিণ জেলার বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। প্রতিনিধি দলটি প্রথমে উদয়পুরে গোমতী নদীর উপর পুরাতন সুভাষ সেতু পরিদর্শন করেন। ক্ষতিগ্রস্ত পরিবার গুলির খোঁজ খবর নেন। তারা মহারাণী ব্যারেজ এলাকা, হিরাপুরে ক্ষতিগ্রস্ত কৃষি জমি, উদয়পুর অমরপুর সড়কের গান্ধারীতে ক্ষতিগ্রস্ত সড়ক, উদয়পুরের সুখসাগর, ছাতারিয়া ইত্যাদি ক্ষতিগ্রস্থ এলাকাগুলি পরিদর্শন করেন। কেন্দ্রীয় প্রতিনিধিদল ওই সমস্ত এলাকায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সঙ্গেও কথা বলেন। কেন্দ্রীয় প্রতিনিধিদলের সঙ্গে ছিলেন ডি‌জাস্টার ম্যানেজমেন্ট স্টেট প্রোজেক্ট অফিসার শরৎ কুমার দাস, গোমতি জেলার অতিরিক্ত জেলাশাসক জয়ন্ত ভট্টাচার্য, বিনয় ভূষণ দাস, উদয়পুরের মহকুমা শাসক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

****************************

**Central Team-South :**

স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্ম সচিব বি সি যোশীর নেতৃত্বে কেন্দ্রীয় আন্ত:মন্ত্রণালয়ের এক প্রতিনিধি দল আজ দক্ষিন জেলার বিলোনিয়া, শান্তিরবাজার ও সাব্রুম মহকুমার বন্যায় ক্ষতিগ্রস্ত বেশকিছু এলাকা পরিদর্শন করেন। তারা বিলোনিয়া মহকুমার মনুর মুখ, বনকর এলাকা পরিদর্শন করে বিলোনিয়া সার্কিট হাউসে একটি জেলাভিত্তিক পর্যালোচনা সভা করেন। সভা শেষে জোলাইবাড়ি ব্লকের দক্ষিণ মুহুরীপুর জেবি স্কুলের আশ্রয় শিবিরে গিয়ে ক্ষতিগ্রস্ত মানুষদের সঙ্গে কথা বলেন এবং মুহুরী নদীর জলে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন। প্রতিনিধি দলটি সাব্রুম মহকুমায় গোবিন্দ মাঠ এলাকায় ভেঙে যাওয়া ফেণি নদীর পাড়ের বাঁধটিও পরিদর্শন করেন। কেন্দ্রীয় প্রতিনিধি দলের সঙ্গে ছিলেন দক্ষিণ জেলার জেলা শাসক স্মিতা মল এম এস, রাজস্ব দপ্তরের অতিরিক্ত সচিব তমাল মজুমদার প্রশাসনের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা।

************************

**Refugees are returning Home-Sonamura :**

বন্যা দুর্গতদের জন্য সোনামুড়া মহকুমায় এখনো ৪৩টি ত্রাণ শিবির চালু রয়েছে। গোমতী নদীর জলস্তর প্রায় স্বাভাবিক অবস্থায় এলেও রুদ্রসাগর, ধলিয়াইজলা সহ বিভিন্ন জলাশয়ের পার্শবর্তী বেশিরভাগ এলাকা থেকে এখনো জল নামেনি। ফলে ঐসমস্ত এলাকার লোকজন ত্রাণ শিবিরগুলিতে রয়ে গেছেন। সোনামুড়ার DCM প্রবীর সাহা জানিয়েছেন গোটা মহকুমায় প্রায় ৭৫ হাজার মানুষ বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন। বন্যা পরবর্তী পরিস্থিতিতে স্বাস্থ্য সচেতনতার জন্য জনগণের কি কি উদ্যোগ নেওয়া উচিত এবিষয়ে প্রশাসনের পক্ষ থেকে মাইকিং করা হচ্ছে।

*************************

**ASSOCHAM :**

কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী, কীর্তি বর্ধন সিং আজ নয়াদিল্লিতে ASSOCHAM পরিবেশ ও কার্বন সম্মেলনের উদ্বোধন করেছেন। সম্মেলনের প্রতিপাদ্য হচ্ছে '২০৭০ সালের মধ্যে কার্বন নিঃসরণ শুন্য করার একটি সহযোগিতামূলক পরিমন্ডল গড়ে তোলা।

সম্মেলনে শ্রী সিং বলেন, জলবায়ু ও পরিবেশ পরিবর্তন এখন একটি বৈশ্বিক সমস্যা, কিন্তু সরকার এর প্রভাব থেকে দেশকে রক্ষা করতে বেশ কিছু পদক্ষেপ নিচ্ছে। তিনি বলেন যে সরকার ২০৭০ সালের মধ্যে কার্বন নিঃসরণ শূন্যে নামিয়ে আনার লক্ষ্য অর্জনের পাশাপাশি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিকশিত ভারত ২০৪৭ এর স্বপ্ন পূরণ করতে কাজ করছে। শ্রী সিং বলেন যে বিশ্বব্যাপী জলবায়ু ও পরিবেশকে প্রভাবিত করছে এমন সমস্যার সমাধান খুঁজে বের করা সময়ের প্রয়োজন।

************************

**Post-Flood-Health :**

বন্যা পরবর্তী পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্য সচেতনতার বার্তা পৌঁছে দিতে ঊনকোটি জেলাতে স্বাস্থ্য দপ্তর প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। ঊনকোটি জেলার নানাস্থানে প্রতিদিন "বিশেষ স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হচ্ছে। শিবিরে আসা নাগরিকদের স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেবার পাশাপাশি বিনামূল্যে ঔষধপত্র বিতরণ করা হচ্ছে। স্বাস্থ্য শিবিরের পাশাপাশি আশাকর্মী সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীরা বাড়ী বাড়ি গিয়েও স্বাস্থ্য সচেতনতায় প্রয়োজনীয় পরামর্শ দিচ্ছেন। স্বাস্থ্য দপ্তরের ঊনকোটি জেলার জেলা সার্ভিলেন্স অফিসার □ঃ শঙ্খশুভ্র দেবনাথ জানান, বন্যা পরবর্তী সময়ে বিশেষ করে জলবাহিত রোগ প্রতিরোধে জল ফুটিয়ে পান করার জন্য নাগরিকদের পরামর্শ দেওয়া হচ্ছে। তাছাড়া বাড়ীঘর পরিষ্কার -পরিচ্ছন্ন রাখা ও স্বাস্থ্যবিধি মেনে চলার উপর জোর দেওয়া হচ্ছে।

**************************

**MLA Visited Muhuripur :**

বিধায়ক অশোক কুমার মিত্র আজ মুহুরীপুর এলাকায় বন্যায় ক্ষতিগ্রস্তদের বাড়ি বাড়ি গিয়ে খোঁজখবর নেন। তাছাড়া তিনি দক্ষিন মুহুরীপুর জেবি স্কুলের ত্রাণ শিবিরে গিয়ে বন্যায় ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলেন।

***************************

**Health Camp-Jolaibari :**

বন্যায় ক্ষতিগ্রস্থদের চিকিৎসার জন্য আজ জোলাইবাড়ি দ্বাদশ স্কুল ও মধ্যপিলাক হাইস্কুলে ২টি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরগুলিতে স্বাস্থ্য পরীক্ষার পর বিনামূল্যে ওষুধ বিতরণ করা হয়। বন্যা দুর্গতদের স্বাস্থ্য পরীক্ষা করেন জোলাইবাড়ি দ্বাদশ স্কুলের প্রাক্তন ছাত্র, ক্যান্সার বিশেষজ্ঞ □া: গৌতম মজুমদার, □া: শুভ্রজ্যোতি মজুমদার, □া: দেবদ্যাতি চৌধুরী ও □া: কিশলয় বৈদ্য। জোলাইবাড়ি দ্বাদশ স্কুলের প্রাক্তন ছাত্রছাত্রীরা প্রায় ২ লক্ষ টাকার বিভিন্ন নিত্য প্রয়োজনীয় সামগ্রী বন্যায় ক্ষতিগ্রস্ত ১৫০ পরিবারের লোকজনদের হাতে তুলে দেন।

**************************

**Oath-Panisagar :**

পানিসাগর পঞ্চায়েত সমিতির ১১ জন নবনির্বাচিত সদস্য-সদস্যা আজ শপথ গ্রহণ করেছেন। সমিতির চেয়ারম্যান হিসাবে সঞ্জয় দাস ও ভাইস-চেয়ারপার্সন হিসাবে কল্পনা দেবনাথ শপথ গ্রহণ করেন। পানিসাগর টাউনহলে আয়োজিত অনুষ্ঠানে শপথবাক্য পাঠ করান জেলা পঞ্চায়েত আধিকারিক অমর্ত্য বর্মণ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বিনয় ভূষণ দাস, পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস ও ভাইস চেয়ারম্যান ধনঞ্জয় দেবনাথ প্রমুখ।

*************************

**Old Agartala-Oath :**

পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির নবনির্বাচিত ১৩ জন সদস্য, সদস্যা আজ শপথ গ্রহণ করেছেন। পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন হিসেবে ঝর্ণা রানী দাস ও ভাইস চেয়ারপার্সন হিসেবে মন্টী দেবনাথ শপথ গ্রহণ করেছেন। পুরাতন আগরতলা ব্লকে আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী।

************************

**Rail :**

শান্তিরবাজার, বিলোনিয়া ও উদয়পুরের গর্জি এলাকায় রেল লাইনের সংস্কারের কাজ শেষ না হওয়ায় আজ ও আগামীকাল আগরতলা ও সাব্রুমের মধ্যে সমস্ত ডেমো ট্রেন বাতিল করা হয়েছে। এন এফ রেলওয়ে সূত্রে আজ এখবর জানা গেছে।

*************************

**National Sports Day-PM :**

আজ জাতীয় ক্রীড়া দিবস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বলেছেন, সরকার খেলাধুলাকে সমর্থন করতে এবং আরও যুবা যাতে ক্রীড়া জগতে উজ্জ্বল হতে পারে তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। জাতীয় ক্রীড়া দিবসের শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন, দেশ আজ কিংবদন্তি ভারতীয় হকি খেলোয়াড় মেজর ধ্যান চাঁদকে শ্রদ্ধা জানায়।

***********************

**National Sports Day :**

রাজ্যেও আজ জাতীয় ক্রীড়া দিবস পালন করা হয়। আগরতলার এন এস আর সি সি'তে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে ২০২৩-২৪ সালের জাতীয় স্তরের খেলাধুলায় সফল খেলোয়াড় ও কোচদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। এরমধ্যে রয়েছেন দ্রোণাচার্য কোচ বিশ্বেশ্বর নন্দী, সাঁতারের কোচ দীপক দাস, প্যারা সাঁতারু সমীর বর্মন প্রমুখ। অনুষ্ঠানে অর্জুন পুরষ্কার সম্মানে ভূষিত জিমনাস্ট মন্টু দেবনাথ, ক্রীড়া দপ্তরের সচিব, অধিকর্তা, সহ আধিকারিকরা উপস্থিত ছিলেন। আজ ফুটবল, ভলিবল, সাঁতার, কাবাডি ও হ্যান্ডবল প্রতিযোগিতা হয়। বিকেলে উমাকান্ত মিনি স্টেডিয়ামে আগরতলা প্রেসক্লাব ও ক্রীড়া দপ্তরের মধ্যে প্রীতি ফুটবল এবং এডি নগর পুলিশ হকি মাঠে প্রদর্শনী হকি ম্যাচ হয়। মহকুমা এবং জেলা স্তরেও আজ ক্রীড়া দপ্তরের উদ্যোগে বিভিন্ন খেলাধুলা অনুষ্ঠিত হয়।

************************

**National Sports Day-Sonamura :**

সোনামুড়া মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং সিপাহীজলা জেলা ক্রীড়া কার্যালয়ের যৌথ উদ্যোগে আজ সোনামুড়ার স্পোর্টিং এসোসিয়েশন মাঠে উদযাপন করা হয় জাতীয় ক্রীড়া দিবস। উদ্বোধন করেন মহকুমা ক্রীড়া আধিকারিক মধুসূধন দেববর্মা। অনুষ্ঠানে সোনামুড়ার ৫ জন প্রাক্তন হকি খেলোয়াড় ও ফুটবলারকে সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠিত হয় প্রদর্শনীমূলক হকি ও ফুটবল ম্যাচ।

***************************

**Arshya Gold :**

শ্রীলঙ্কায় আয়োজিত কমনওয়েলথ দাবা প্রতিযোগিতার ব্লিটজ ইভেন্টে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস স্বর্ণ পদক পেয়েছেন। অর্শিয়া অনূর্ধ্ব ১৪ বছরের মেয়েদের বিভাগে দেশের হয়ে খেলে ৯ রাউন্ডের লড়াইয়ে সাড়ে ৭ পয়েন্ট পান।

************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ি□গ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ি□গ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক আট ি□গ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক ছয় ি□গ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যে সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।

***********************